গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ঝালকাঠি সদর,
ঝালকাঠি

...

---

| | |
|---|---|
| সভাপতি | মোসাঃ তানিয়া ফেরদৌস<br>উপজেলা নির্বাহী অফিসার |
| সভার তারিখ | ২৭ জানুয়ারী ২০২০। |
| সভার সময় | সকাল ১০.৩০ ঘটিকা। |
| স্থান | উপজেলা নির্বাহী অফিসার-এর সম্মেলন কক্ষ। |
| উপস্থিতি | সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা: পরিশিষ্ট-‘ক’ |

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি কমিটির সদস্য সচিব ও সহকারী প্রোগ্রামার, ঝালকাঠি সদর, ঝালকাঠি-কে আজকের সভার এজেন্ডা ভিত্তিক আলোচনা শুরু করার আহবান জানান।

সভার আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত:

| ক্রম | আলোচ্যসূচি, আলোচনা ও সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|
| ১ | আলোচ্যসূচি ১.<br>**নিয়মিত আইসিটি কমিটির সভা আয়োজন।**<br><br>**আলোচনা: ১ :** সভাপতি বলেন, ঝালকাঠি সদর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধানকল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করা প্রয়োজন।<br><br>**সিদ্ধান্ত:- ১ :**<br>ঝালকাঠি সদর উপজেলায় বাস্তবায়নাধীন আইসিটি বিষয়ক কার্যক্রমের বর্তমান অগ্রগতি পর্যালোচনা, সমস্যা ও সমাধান কল্পে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের লক্ষ্যে প্রতিমাসে উপজেলা আইসিটি কমিটির সভা আহবান করে সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকলকে প্রেরণ করতে হবে। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর ঝালকাঠি সদর |

| | | |
|---|---|---|
| ২ | **আলোচ্য সূচি: ০২.**<br>**উপজেলার সকল দপ্তরসমূহের তথ্য বাতায়ন হালনাগাদকরণ সংক্রান্ত আলোচনা**<br><br>**আলোচনা: ০২ :** সভাপতি বলেন, উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের নিজস্ব তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদ করতে হবে এবং বিশেষ করে কর্মকর্তা/কর্মচারী, সেবার তালিকা, সিটিজেন চ্যার্টার, নোটিশ ও খবর উপজেলা তথ্য বাতায়নে নিয়মিত আপলোড করতে হবে এবং উপজেলা তথ্যকেন্দ্র কে ঝালকাঠি সদর উপজেলা তথ্য বাতায়নে সংযোগ করতে হবে। এছাড়াও ওয়েব পোর্টালের প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধি করতে হবে এবং নিয়মিত তদারকি করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:-০২**<br>উপজেলা পর্যায়ের দপ্তর/শিক্ষা প্রতিষ্ঠান সমূহের তথ্য বাতায়নের অসম্পূর্ণতা দ্রুত চিহ্নিত করে হালনাগাদ কাজ শতভাগ সম্পন্ন, নিয়মিত প্রশিক্ষণ এবং তথ্যকেন্দ্র ঝালকাঠি সদর উপজেলা তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করতে হবে মর্মে সিদ্ধান্ত হয়। | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর<br>২। সহকারী প্রোগ্রামার, ঝালকাঠি সদর<br>৩। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান (সকল) |
| ৩ | **আলোচ্য সূচি: ০৩**<br>**শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করণ সংক্রান্ত আলোচনা**<br><br>**আলোচনা: ৩.** ঝালকাঠি সদর উপজেলায় বিভিন্ন অর্থ বছরে মোট ০৯টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। ল্যাবগুলোর সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করতে মনিটরিং অব্যাহত থাকবে। শিক্ষা মন্ত্রণালয়ের পরিপত্র মোতাবেক প্রতিষ্ঠানের নিজস্ব অর্থায়নে অচল ল্যাপটপ/ডেক্সটপ কম্পিউটার গুলো দ্রুত মেরামত করতে হবে।<br><br>**সিদ্ধান্ত:**-৩: ঝালকাঠি সদর উপজেলায় ০৮টি শিক্ষা প্রতিষ্ঠানে স্থাপিত শেখ রাসেল ডিজিটাল ল্যাবের সুষ্ঠু ব্যবহার নিশ্চিত করার লক্ষ্যে ল্যাবগুলো উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও সহকারী প্রোগ্রামার, ঝালকাঠি সদর নিয়মিত পরিদর্শন করতে হবে। | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার,ঝালকাঠি সদর<br>২। সহকারী প্রোগ্রামার, ঝালকাঠি সদর |

| | | |
|---|---|---|
| ৪ | **আলোচ্যসূচি ৪.**<br>**অনলাইনে মাল্টিমিডিয়া ক্লাসরুম সংক্রান্ত প্রতিবেদন দাখিল**<br><br>**আলোচনা: ৪:** ঝালকাঠি সদর উপজেলায় ৫৫টি শিক্ষা প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম স্থাপন করা হয়েছে এবং মাল্টিমিডিয়ার মাধ্যমে অনুষ্ঠিত ক্লাস সমূহের প্রতিবেদন দৈনিক অনলাইনে দাখিলের নির্দেশনা রয়েছে। অনলাইনে প্রাপ্ত প্রতিবেদনে দেখা যাচ্ছে উপজেলার সকল প্রতিষ্ঠানের অনলাইনে দাখিলকৃত মাল্টিমিডিয়া ক্লাসের সংখ্যা আশানুরুপ নয়। আলোচনায় উপস্থিত শিক্ষকগণ ইন্টারনেট ব্যাবস্থার সমস্যার প্রসঙ্গ উল্লেখ করেন।<br><br>**সিদ্ধান্ত:-৪ :**<br>উপজেলায় তালিকাভূক্ত ৫৫ টি শিক্ষা প্রতিষ্ঠানের মাল্টিমিডিয়া ক্লাস সংক্রান্ত দৈনিক অনলাইন প্রতিবেদন দাখিল শতভাগ নিশ্চিত করতে হবে। যাহা প্রতি সপ্তাহের রবিবার উপজেলা এডমিন আইডির মাধ্যমে লগইন করে মনিটরিং করতে হবে। সহকারী প্রোগ্রামার, প্রতিষ্ঠানের অনলাইন প্রতিবেদন দাখিলে কারিগরি সহায়তা করবেন । | ১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার |
| ৫ | **আলোচ্যসূচি ৫.**<br>**সরকারি অফিসে ইন্টারনেট সংযোগের অবস্থা প্রসঙ্গে আলোচনা**<br><br>**আলোচনা: ৫:** ডিজিটাল বাংলাদেশ বিনির্মান এবং মাঠ পর্যায়ে ই-সেবা বাস্তাবায়নের জন্য সরকারি ভাবে **আইসিটি বিভাগের অধীন্থ বিসিসি** ঝালকাঠি সদর উপজেলায় সকল সরকারি অফিসে ইন্টারনেট সংযোগ প্রদান করেছে এবং ইন্টারনেট সংযোগ সচল রাখার জন্য ফাইবার@হোম নামে একটি বেসরকারি প্রতিষ্ঠান রয়েছে ।<br><br>**সিদ্ধান্ত:-৪ :**<br>মাঠ পর্যায়ে ই-সেবা বাস্তাবায়ন এবং সরকারি অফিসে ইন্টারনেট সংযোগ সচল রাখার জন্য ফাইবার@হোম এর প্রতিনিধির সাথে যোগাযাগ করতে হবে । | ১। উপজেলা পর্যায়ের সকল সরকারি দপ্তর |
| ৬ | **আলোচ্য সূচি: ০৬:**<br>**ই-নথি এর ব্যবহার নিশ্চিত করণ**<br><br>**আলোচনা: ৬:** বর্তমানে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, উপজেলা ভূমি অফিস, উপজেলা আইসিটি **অধিদপ্তর,** উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস ও উপজেলা মহিলা বিষয়ক অফিস ই-নথি সিস্টেম এর লাইভ সার্ভারে আছেন। উল্লিখিত দপ্তর সমূহের ব্যবহারকারীদের আইডিতে অধীক সংখ্যক আগত ডাক ও নথি পেন্ডিং রয়েছে। যাহা নিয়মিত ই-নথি সিস্টেমের মাধ্যমে উপস্থাপন করে নোটে ও পত্রজারি করে নিস্পত্তি করা প্রয়োজন। উপজেলা পর্যায়ে অবশিষ্ট অফিসকে ই-নথি সিস্টেমে প্রশিক্ষন বিষয়ে আলোচনা করা হয়।<br><br>**সিদ্ধান্ত:-৬ :**<br>সংশ্লিষ্ট দপ্তর নিয়মিত ই-নথি সিস্টেমের আগত ডাক সমূহ নথিতে উপস্থাপন করে পত্রজারি ও নিস্পত্তি করবেন। উপজেলা পর্যায়ে অবশিষ্ট অফিসকে ই-নথি সিস্টেমে প্রশিক্ষনের জন্য প্রয়োজনীয় তথ্য চেয়ে পত্র প্রেরণ করতে হবে। ই-নথি সিস্টেমের কারিগরি সহায়তা করবেন সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ঝালকাঠি সদর । | ১। উপজেলা পর্যায়ের সংশ্লিষ্ট সরকারি দপ্তর |

| | | |
|---|---|---|
| ৭ | **আলোচ্য সূচি: ০৭:**<br>**বিবিধঃ**<br><br>**আলোচনা: ৭:** সভায় উপস্থিত উদ্যোগতাগণ আয়ের উৎস বাড়ানোর ক্ষেত্রে বিভিন্ন সমস্যার প্রসঙ্গ উল্লেখ করেন বিশেষকরে জন্মনিবন্ধন এর রেজিস্ট্রেশনে ইউনিয়ন পরিষদের সচিবদের অসহযোগিতা মূলক আচারণ এবং কোন কোন ক্ষেত্রে বাধা প্রদানের বিষয়টি আলোকপাত করেন। এছাড়াও সরকারি অফিস সমূহে তথ্য অধিকার আইন অনুযায়ী তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য হালনাগাতকরণ ও প্রশিক্ষণের বিষয়ে আলোচনা হয়।<br><br>**সিদ্ধান্ত:-৭ :**<br>উপজেলা নির্বাহী অফিসার ইউনিয়ন পরিষদের সচিবদের সাথে সভা করে দ্রুত সমাধানের বিষয়ে হস্তক্ষেপ করবেন এবং তথ্য অধিকার আইন অনুযায়ী প্রশিক্ষণের বিষয়ে সহকারী প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, ঝালকাঠি সদর কারিগরি সহায়তা করবেন। | ১। উপজেলা নির্বাহী অফিসার<br>২। সহকারী প্রোগ্রামার<br>আইসিটি অধিদপ্তর ঝালকাঠি সদর |

০২. পরিশেষে আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি ডিজিটাল বাংলাদেশ গঠনের লক্ষ্যে সকলকে আন্তরিকভাবে সচেষ্ট হওয়ার আহবান এবং ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রমের সমাপ্তি ঘোষনা করেন।

মোসাঃ তানিয়া ফেরদৌস
উপজেলা নির্বাহী অফিসার

স্মারক নম্বর: ৫৬.০৪.৪২৪০.০০০.০৬.০০১.১৯.৩

তারিখ: ১৯ মাঘ ১৪২৬
০২ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) জনাব এ. কে. এম রহমাতুল্লাহ (মাননীয় সংসদ সদস্য-১৮৪, ঢাকা-১১), মাননীয় সভাপতি, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
২) জনাব জুনাইদ আহমেদ পলক (মাননীয় সংসদ সদস্য-৬০, নাটোর-৩), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৩) জনাব বেনজীর আহমদ (মাননীয় সংসদ সদস্য-১৯৩, ঢাকা-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৪) জনাব রেজওয়ান আহাম্মদ তৌফিক (মাননীয় সংসদ সদস্য-১৬৫, কিশোরগঞ্জ-৪), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৫) জনাব ফাহমী গোলন্দাজ বাবেল (মাননীয় সংসদ সদস্য-১৫৫, ময়মনসিংহ-১০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৬) জনাব আহমেদ ফিরোজ কবির (মাননীয় সংসদ সদস্য-৬৯, পাবনা-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।
৭) জনাব মোঃ নুরুল আমিন (মাননীয় সংসদ সদস্য-২৬১, চাঁদপুর-২), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৮) বেগম মনিরা সুলতানা (মাননীয় সংসদ সদস্য-৩২৬, মহিলা আসন-২৬), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

৯) বেগম জাকিয়া পারভীন খানম (মাননীয় সংসদ সদস্য-৩১৮, মহিলা আসন-১৮), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

১০) বেগম অপরাজিতা হক (মাননীয় সংসদ সদস্য-৩২০, মহিলা আসন-২০), মাননীয় সদস্য, ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয় সম্পর্কিত স্থায়ী কমিটি।

১১) জনাব আমীর হোসেন আমু, মাননীয় সংসদ সদস্য-১২৫, ঝালকাঠি -১, (ঝালকাঠি সদর, নলছিটি)

১২) মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর

১৩) জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, জেলা প্রশাসকের কার্যালয়, ঝালকাঠি

১৪) মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রতিমন্ত্রীর দপ্তর , তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

১৫) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ঝালকাঠি সদর, ঝালকাঠি।

১৬) জনাব........................................................, সদস্য, উপজেলা আইসিটি বিষয়ক কমিটি, ঝালকাঠি সদর।

১৭) গোপনীয় সহকারী, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, ঝালকাঠি সদর (উপজেলা নির্বাহী অফিসার মহোদয়ের সদয় অবগতির জন্য)।

১৮) মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭ (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

FAhmed

ফিরোজ আহমেদ জেহাদী
সহকারী প্রোগ্রামার